



পাকুন্দিয়া পৌরসভা কার্যালয়

উপজেলা : পাকুন্দিয়া, জেলা : কিশোরগঞ্জ।

স্মারক নং-পাকু/পৌর/প্রশা/২০২২/২৫ - ১

তারিখঃ ২২/০২/২০২২খ্রিঃ

অফিস আদেশ

স্থানীয় সরকার পৌরসভার আইন ২০০৯ এর ধারা ৫৫ অনুসারে ৩০/০১/২০২২খ্রিঃ তারিখের মাসিক সভায় সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী আড়াই বৎসরের জন্য নিম্নরূপ স্থায়ী কমিটি গঠন করা হল।

সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব নাছির উদ্দিন	কাউন্সিলর ওয়ার্ড নং ০৭	সভাপতি
০২	জনাব মোহাম্মদ নজরুল ইসলাম আকন্দ	মেয়র	সদস্য
০৩	জনাব মোহাম্মদ মুজাহিদুল ইসলাম	কাউন্সিলর ওয়ার্ড নং ০৪	সদস্য
০৪	বেগম মোছাঃ আফরোজা খাতুন	কাউন্সিলর সংরক্ষিত আসন - ৭, ৮, ৯	সদস্য
০৫	বেগম মোছাঃ নাছরিন আক্তার (খিয়া)	কাউন্সিলর সংরক্ষিত আসন - ১, ২, ৩	সদস্য

কমিটির কার্যপরিধি :

- ১। পৌরসভার পরিচালন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি তথা পৌরসভার কাজকর্ম ও সেবার মান বাড়ানোর ব্যাপারে গতিশীলতা আনয়নের জন্য সকল শূন্য পদসমূহে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করার পদক্ষেপ গ্রহণ করা;
- ২। যে সকল পদে ইতিমধ্যে পদোন্নতির সুযোগ সৃষ্টি সেই সকল পদে যোগ্য ব্যক্তিদের পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- ৩। বাৎসরিক ভিত্তিতে কর্মকর্তা/ কর্মচারীদের কর্মোদ্যোগ, দক্ষতা ও যোগ্যতা মূল্যায়ন করা;
- ৪। কর্মকর্তা/ কর্মচারীদেও কর্ম বটন অনুযায়ী যথাযথভাবে দায়িত্ব পালনে উত্বুদ্ধ করা;
- ৫। কর্মকর্তা/কর্মচারীসহ অন্যান্য সকলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- ৬। আয়ের সঙ্গে ব্যয়ের সঙ্গতি বজায় রেখে পৌরসভার বার্ষিক বাজেট প্রণয়নে সাহায্যে করা;
- ৭। রাজস্ব আয় বৃদ্ধি পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কৌশল নির্ধারণ করা;
- ৮। পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে পৌর তহবিলের কিছু অংশ বিভিন্ন আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে বিনিয়োগের পরিকল্পনা প্রস্তাব করা;
- ৯। সুশাসন প্রতিষ্ঠাকল্পে পৌরসভার সকল কার্যক্রমে তথ্য প্রযুক্তি(ই-গভর্নেন্স) চালু করণের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান করা;
- ১০। সরকারী ও অন্যান্য প্রতিষ্ঠানের নিকট পৌরসভার সকল দায়- দেনা নির্ধারণ করিয়া তাহা আদায়ে পৌর পরিষদকে সহায়তা করা;
- ১১। পৌর তহবিল ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য সকল ব্যয় সময়মত নিরীক্ষার ব্যবস্থা করা;
- ১২। নতুন, পুরাতন সকল নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;
- ১৩। পৌর পরিষদের সংস্থাপন ও অর্থ সংক্রান্ত কাজে পরামর্শ প্রদান করা।

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

- ১। জনাব-----কাউন্সিলর (সকল) পাকুন্দিয়া পৌরসভা।
- ২। সচিব, পাকুন্দিয়া পৌরসভা।
- ৩। সহকারী প্রকৌশলী, পাকুন্দিয়া পৌরসভা।

মেয়র

পাকুন্দিয়া পৌরসভা

পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

২২-০২-২০২২
(মোহাম্মদ নজরুল ইসলাম আকন্দ)